

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১২.২০১৭-৪১৯

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক/ইংরেজি) জনাব মোঃ জাকির হোসেন যথাযথভাবে ক্লাসে পাঠদান না করে প্রতিষ্ঠানে গ্রুপিং করে শিক্ষার পরিবেশ নষ্ট করার অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০২/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১৩.২০১৭-১৩৯ নং স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগে তার অনুকূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি বিগত ১৩/০৩/২০১৭ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন।

০২। অতঃপর গত ২৪/০৪/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। সরকার পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় উত্থাপিত অভিযোগের বিষয়টি অভ্যন্তরীণ সমস্যা মর্মে প্রতীয়মান হয়। যেহেতু তিনি এখনও যথাযথভাবে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম অব্যাহত রেখেছেন তাই তাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে ‘সতর্ক’ করে বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে ‘অসদাচরণ’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক/ইংরেজি) জনাব মোঃ জাকির হোসেন কে ভবিষ্যতের জন্য কঠোরভাবে ‘সতর্ক’ করে উক্ত বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
ভারপ্রাপ্ত সচিব


উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১২.২০১৭-৪১৯/১(৫)

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মোঃ জাকির হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (২) অধ্যক্ষ, ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট, ঝিনাইদহ।
- (৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৫) জনাব মোঃ জাকির হোসেন, জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক/ইংরেজি), ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট, ঝিনাইদহ।


(ড. মোঃ ওমর ফারুক) ০৭/০৫/২০১৭
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৭৩৮৭৬